

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,
শাখা-৩

অতি জরুরী

স্মারক নং- অম/অসবি-৩-বিবিধ-১৩/২০০৯ (স্ট্যাম্প)-৭৯,

তারিখঃ ১৯ কার্তিক, ১৪১৬ বঃ
০৩ নভেম্বর, ২০০৯ খ্রিঃ

বিষয়ঃ স্ট্যাম্প শুল্ক আদায়ের হিসাব বিবরণী প্রতি মাসের ৭ তারিখের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, Allocation of Business অনুযায়ী স্ট্যাম্প শুল্ক আদায় সংক্রান্ত সকল দায়িত্ব অভ্যন্তরীণ সম্পদ বিভাগের উপর ন্যস্ত থাকায় দেশব্যাপী স্ট্যাম্প শুল্ক আদায়ের সমন্বিত হিসাব বিবরণী প্রতি মাসের দশ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হয়।

০২। কিন্তু প্রতিটি জেলা রেজিস্ট্রি অফিসে চালানের মাধ্যমে যে পরিমাণ স্ট্যাম্প শুল্ক আদায় হয় তা নিবন্ধন পরিদপ্তরের মাধ্যমে প্রতিবেদন প্রতি মাসের ৭ তারিখে এ বিভাগ প্রেরণ করার কথা থাকলেও তা পরবর্তী মাসের ১৫ তারিখের পরে অর্থাৎ প্রায় দেড় মাস পরে প্রতিবেদন প্রেরণ করা হয়। এক্ষেত্রে আইজিআর এর সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জনিয়েছেন যে, রেজিস্ট্রি অফিস হতে যথাসময়ে না পাওয়ার কারণে উহা নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা যাচ্ছেনা।

০৩। এমতাবস্থায়, প্রতিটি সাব-রেজিস্ট্রি অফিস ও রেজিস্ট্রি অফিস কর্তৃক স্ট্যাম্প শুল্ক আদায়ের হিসাব বিবরণী অব্যবহিত পরবর্তী মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে নিবন্ধন পরিদপ্তরে এবং নিবন্ধন পরিদপ্তর হতে সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করে ০৭ (সাত) তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল সাব-রেজিস্ট্রার, জেলা রেজিস্ট্রার ও নিবন্ধন পরিদপ্তরের মহাপরিচালককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ/অস্পৃষ্ট

০৩/১১/২০০৯

(মোঃ মফিজুল ইসলাম পাটওয়ারী।

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৫৫৫৬৫৭

সচিব,

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং অম/অসবি-৩-বিবিধ-১৩/২০০৯ (স্ট্যাম্প) ৭৯/১(৬২),

তারিখঃ ১৯ কার্তিক, ১৪১৬ বঃ

০৩ নভেম্বর, ২০০৯ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

১। মহা-পরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

২। জেলা রেজিস্ট্রার (সকল)।

৩। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

স্বাঃ/অস্পৃষ্ট

০৩/১২/২০০৯

(মোঃ মফিজুল ইসলাম পাটওয়ারী)